**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 24–04–2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

**Headlines :**

**(১) পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনের জন্য আজ বিকেল ৫টায় সরব প্রচারের অবসান হয়েছে ।**

**(২) ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৪ সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ আজ থেকে শুরু হয়েছে ।**

**(৩) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবেলায় বন সংরক্ষণের উপর গুরুত্ব আরোপ করেছেন ।**

**(৪) টিসিএ পরিচালিত মহিলাদের ঘরোয়া একদিনের সীমিত ওভারের ক্রিকেট প্রতিযোগিতায় এগিয়ে চলো সংঘ চ্যাম্পিয়ন হয়েছে ।**

*******************************************

**CEO TRIPURA EAST P.C ELECTION :**

লোকসভা নির্বাচনের দ্বিতীয় পর্বের নির্বাচনের জন্য সরব প্রচার আজ শেষ হয়েছে। এই পর্বে দেশের ৮৮টি আসনে ভোট হবে। পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনের সরব প্রচার আজ শেষ

হয়েছে। দ্বিতীয় পর্বে আগামী ২৬শে এপ্রিল পূর্ব ত্রিপুরা উপজাতি সংরক্ষিত লোকসভা আসনের নির্বাচনে ভোট নেওয়া হব।

পূর্ব ত্রিপুরা লোকসভা নির্বাচনে নির্ভয়ে ভোটদানের আহ্বান জানিয়েছেন রাজ্যের মুখ্য নির্বাচন আধিকারিক পুনিত আগরওয়াল। আজ নির্বাচন দপ্তরে এক সাংবাদিক সম্মেলনে মুখ্যনির্বাচন আধিকারিক জানান, অবাধ শান্তিপুর্ন ভোটের জন্য সব রকম ব্যবস্থা নেওয়া হয়েছে। পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা নেওয়া হয়েছে। তিনি জানান, সব বুথে কেন্দ্রীয় বাহিনী জোয়ানের পাহারা থাকবে। পূর্ব আসনে ১৩ লক্ষ ৯৬ হাজার ৭৬১ জন ভোটারের মধ্যে এই ব্রু শরনার্থী ভোটার রয়েছেন ১৬ হাজার ২৬০ জন। ১৭টি বুথে তারা ভোট দেবেন। ৬১টি বুথ মডেল বুথ হিসাবে গড়ে তোলা হয়েছে। বুথগুলোতে ভোটারদের জন্য পানীয় জল, বাসার ব্যবস্থা, ছাউনি রয়েছে। বুথ কেন্দ্রের চারপাশে ১৪৪ ধারা বলবত করা হয়েছে।

*******************************

**PRESS Brifing of DM & SP South :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের অধীন দক্ষিন জেলার জোলাইবাড়ি, ঋষ্যমুখ, মনু ও সাব্রুম বিধানসভা নির্বাচনী ক্ষেত্রে শান্তিপূর্ন নির্বাচন করতে নির্বাচন দপ্তর সব ধরনের প্রস্তুতি গ্রহণ করেছে। দক্ষিণ জেলার জেলা নির্বাচনী আধিকারিক তথা জেলা শাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল আজ বিলোনিয়া সার্কিট হাউসে এক সাংবাদিক সম্মেলনে এখবর জানান। তিনি জানান, ভোটাররা যাতে নির্ভয়ে ভোট দিতে পারে তারজন্য যাবতীয় নিরাপত্তা ব্যবস্হা গ্রহণ করা হয়েছে। জেলা পুলিশ সুপার অশোক কুমার

সিনহা জানান ভোট গ্রহন কেন্দ্রগুলিতে কেন্দ্রীয় নিরাপত্তা বাহিনী ও টিএসআর মোতায়েন করা হবে। তাছাড়া রাস্তাঘাটে থাকবে পুলিশের টহলদারী।

*******************************

**CEO-Visit :**

রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক পুনীত আগরওয়াল আজ সকালে লংতরাইভেলিতে যান। সেখানে মহকুমা শাসকের কার্যালয়ে একটি গুরুত্বপূর্ণ বৈঠকে করেন তিনি। বৈঠকে রাজ্য পুলিশের এডিজি. জি এস রাও, পূর্ব ত্রিপুরা লোকসভা কেন্দ্রের রিটারনিং অফিসার সাজু ওয়াহিদ এ, ধলাই জেলার পুলিশ সুপার অবিনাশ রাই সহ সেখানকার দুটি বিধানসভা ক্ষেত্রের এআরও, নিরাপত্তার কাজে নিযুক্ত আধিকারিক ও পদস্থ কর্মকর্তারা উপস্থিত ছিলেন। বৈঠক শুরুর আগে স্ট্রং রুম ও গণনা কেন্দ্র পরিদর্শন করেন শ্রী আগরওয়াল। মুখ্য নির্বাচনী আধিকারিক সংবাদ মাধ্যমকে জানান, পূর্ব ত্রিপুরা লোকসভা নির্বাচনের যাবতীয় বিষয় খতিয়ে দেখতেই তাঁর এই সফর। তিনি আজ গন্ডাছড়া এবং আমবাসাতেও যান।

**************************

**DM PRESS MEET :**

উত্তর জেলার জেলা নির্বাচন আধিকারিক তথা জেলাশাসক দেবপ্রিয় বর্ধন আজ ধর্মনগরে এক সাংবাদিক সম্মেলনে জানান, এই জেলায় পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের ভোট গ্রহণ অবাধ ও শান্তিপূর্ণভাবে করার জন্য সব ধরনের ব্যবস্থা করা হয়েছে। আগামীকাল সকাল থেকে ভোট কর্মীরা ধর্মনগর বীর বিক্রম ইনস্টিটিউশন, পানিসাগর পঞ্চায়েত অফিস ভবন, কাঞ্চনপুর

সরকারি উচ্চ মাধ্যমিক স্কুল থেকে ভোট সামগ্রী সংগ্রহ করে স্ব স্ব ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওনা হবেন। সাংবাদিক সম্মেলনে উত্তর জেলার পুলিশ সুপার ভানুপদ চক্রবর্তী ভোট কেন্দ্রগুলিতে নিরাপত্তা ব্যবস্থা নিয়ে বিস্তারিত উল্লেখ করেন।

*****************************

**DM Gomati Press Meet :**

গোমতী জেলা শাসক তথা জেলা নির্বাচনী আধিকারিক তড়িৎ কান্তি চাকমা আজ উদয়পুরে সাংবাদিক সম্মেলনে জানান, আজ বিকেল পাঁচটা থেকে আগামী ২৬শে এপ্রিল পর্যন্ত গোমতী জেলার অম্পিনগর, অমরপুর ও করবুক বিধানসভার ১৫৫টি বুথ এলাকায় ১৪৪ ধারা জারী করা হয়েছে। আগামী ২৬ এপ্রিল ভোটগ্রহণ পর্ব শেষ না হওয়া পর্যন্ত প্রশাসনের এই আদেশ বলবৎ থাকবে বলে শ্রী চাকমা জানান। তিনি আরও জানান, আগামীকাল সকাল নয়টা থেকে ভোট সামগ্রী নিয়ে ভোট কর্মীরা স্ব স্ব ভোট কেন্দ্রের উদ্দেশ্যে রওনা দেবেন। অম্পিনগর, অমরপুর ও করবুক এই তিনটি বিধানসভা এলাকায় মোট ভোটার ১ লক্ষ ২৮ হাজার ৩৬৮ জন। এর মধ্যে পুরুষ ভোটার ৬৪ হাজার ১৭৬ জন, মহিলা ভোটার সংখ্যা হলো ৬৪ হাজার ১৯২ জন।

জেলা নির্বাচনী আধিকারিক জানান, প্রতিটি বিধানসভা এলাকায় দুইটি করে মহিলা পরিচালিত আদর্শ ভোট কেন্দ্র থাকছে। যুবা ভোটকর্মী ও দিব্যাঙ্গ ভোট কর্মী পরিচালিত ভোট কেন্দ্র থাকবে ১টি করে।

****************************

**TBSE :**

ত্রিপুরা মধ্যশিক্ষা পর্ষদ পরিচালিত ২০২৪সালের মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পরীক্ষার উত্তরপত্র মূল্যায়নের কাজ আজ থেকে শুরু হয়েছে। এ ব্যাপারে পর্ষদ সভাপতি ডঃ ধনঞ্জয় গণ চৌধুরী জানান এবার ৪টি কেন্দ্রে মাধ্যমিক ও ২টি কেন্দ্রে উচ্চ মাধ্যমিকের খাতা দেখার কাজ হচ্ছে। তিনি জানান, মাধ্যমিক পরীক্ষায় মোট ১ হাজার ৩০৩ জন শিক্ষক শিক্ষিকা উত্তরপত্র মুলায়নের সাথে যুক্ত থাকবেন। তাদের সাহায্য করবেন ১৭০ জন স্ক্রুটিনাইজার ও ৫৭ জন হেড এক্সামিনার। অপরদিকে উচ্চমাধ্যমিক পরীক্ষায় মোট ৭১০ জন শিক্ষক শিক্ষিকা উত্তরপত্র মুলায়নের সাথে যুক্ত থাকবেন। তাদের সাহায্য করবেন ১২০ জন স্ক্রুটিনাইজার ও ৭৮ জন হেড এক্সামিনার।

**********************************************

**President :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু জলবায়ু পরিবর্তনের গুরুত্বপূর্ণ সমস্যা তুলে ধরে এর প্রভাব মোকাবেলায় বন সংরক্ষণের গুরুত্বপূর্ণ ভূমিকার ওপর জোর দেন। আজ দেরাদুনের ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউটে ইন্ডিয়ান ফরেস্ট সার্ভিস প্রবেশনারদের সমাবর্তন অনুষ্ঠানে ভাষণ দিতে গিয়ে রাষ্ট্রপতি একথা বলেন। তিনি বলেন, মানবজাতি ইচ্ছাকৃতভাবে বনের গুরুত্ব ভুলে যাওয়ার ভুল করছে।

******************************

**Flag march-Khowai :**

সরব প্রচার শেষ হবার পর আজ সন্ধ্যায় খোয়াই শহরে জেলাশাসক চাঁদনী চন্দ্রানের নেতৃত্বে ফ্ল্যাগ মার্চ করা হয়। এই

ফ্ল্যাগ মার্চে কেন্দ্রীয় বাহিনীর মহিলা জওয়ানরা মহিলা পুলিশ, টি.এস.আর অংশ গ্রহণ করে। খোয়াই মহকুমা ম্যাজিস্ট্রেট মেঘা জৈনও এই ফ্ল্যাগ মার্চে অংশ গ্রহণ করেন। জেলাশাসক চাঁদনী চন্দ্রান জানান, খোয়াই বিধানসভার মোট ১৩টি ভোট কেন্দ্রে সব মহিলা ভোটকর্মী এবং নিরাপত্তা রক্ষী থাকবেন।

***************************

**Flag March-UNAKOTI :**

কৈলাশহরে আজ নিরাপত্তাবাহিনী ফ্ল্যাগ মার্চ করে। কৈলাশহর থানা চত্বর থেকে ফ্ল্যাগ মার্চ শুরু হয়। পুলিশ, B.S.F, C.R.P.,F, T.S.R এই কর্মসূচিতে অংশ নেয়। উপস্থিত ছিলেন, ঊনকোটি জেলার জেলা শাসক দিলীপ কুমার চাকমা, পুলিশ সুপার কান্তা জানগির, অতিরিক্ত পুলিশ সুপার ভি, দারলং, কৈলাশহরের S.D.P.O জয়ন্ত কর্মকার সহ বিভিন্ন স্তরের আধিকারিকরা। জেলা পুলিশ সুপার জানান, জনমনে আস্থা ও বিশ্বাস বাড়াতে ও শান্তি এবং সুস্থিতি বজায় রাখতে এই কর্মসূচির আয়োজন।

*************************

**Polling Material Checking :**

কৈলাশহরের রাধাকিশোর ইনষ্টিটিউশন ও কুমারঘাটের পাবিয়াছড়া কলোনী মাধ্যমিক বিদ্যালয়ে ভোটকর্মীরা আজ ভোটসামগ্রীর নিরীক্ষণ তথা চেকিং করেন। আগামীকাল এসব সামগ্রী নিয়ে ভোটকর্মীর দলগুলো নিজ নিজ পোলিং বুথের উদ্দেশ্যে যাত্রা করবেন। উল্লেখ্য, ঊনকোটি জেলাতে ২২৫টি পোলিং বুথ রয়েছে। ভোটগ্রহণের কাজে ১৩৫০ জন ভোটকর্মী নিয়োগ করা হয়েছে।

নির্বিঘ্নে ও সুচারুভাবে নির্বাচনপর্ব সম্পন্ন করতে প্রশাসন থেকে যথাযথ উদ্যোগ নেওয়া হয়েছে।

*****************************

**All party Meeting- South :**

বিলোনিয়া সার্কিট হাউসে আজ বিভিন্ন রাজনৈতিক দলের প্রতিনিধিদের নিয়ে সভা করলেন জেলা নির্বাচনী আধিকারিক, দক্ষিণ জেলার জেলাশাসক সিদ্ধার্থ শিব জয়সওয়াল, জেলা পুলিশ সুপার অশোক কুমার সিনহা প্রমুখ। সভায় সরব প্রচার শেষে রাজনৈতিক দলগুলির করনীয় দায়িত্ব ও কর্তব্য সম্পর্কে অবহিত করা হয়।

***************************

**CM Asharambari :**

পূর্ব ত্রিপুরা লোকসভা আসনের নির্বাচনের সরব প্রচারের শেষ দিনে মুখ্যমন্ত্রী প্রফেসর ডা: মানিক সাহা খোয়াই আশারাম বাড়ি বিধানসভার রাম মানিক সর্দার পাড়া উচ্চ বিদ্যালয়ের মাঠে জনসভায় অংশ নেন। এই জনসভায় মুখ্যমন্ত্রী ছাড়াও উপস্থিত ছিলেন মন্ত্রী অনিমেষ দেববর্মা, পুর নিগমের মেয়র দীপক মজুমদার, এমডিসি অনন্ত দেববর্মা, পূর্ব ত্রিপুরা আসনের প্রার্থী কৃতি দেবী দেববর্মণ সহ অন্যান্য নেতৃবৃন্দ। জনসভায় মুখ্যমন্ত্রী বলেন দেশের প্রধানমন্ত্রী দেশের সার্বিক উন্নয়নের জন্য দূরদৃষ্টি নিয়ে সততা ও নিষ্ঠার সঙ্গে কাজ করছেন। পূর্ব ত্রিপুরা আসন থেকে ত্রিদলীয় জোট প্রার্থীকে জয়যুক্ত করার জন্য তিনি আহ্বান জানান।

***************************

**Road Show-CM :**

পূর্ব ত্রিপুরা সংসদীয় আসনের B.J.P প্রার্থী কৃতি দেবী দেববর্মণ এর সমর্থনে আজ দুপুরে ঊনকোটি জেলার কুমারঘাটে এক রোড শো'তে বরিষ্ঠ বি,জে,পি নেতা, মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা অংশ নেন। বি,জে,পি'র প্রদেশ সভাপতি রাজীব ভট্টাচার্য, দলের প্রদেশ সাধারণ সম্পাদক তথা বিধায়ক ভগবান চন্দ্র দাস, ত্রিপুরা শিল্প উন্নয়ন নিগমের চেয়ারম্যান নবাদল বনিকও উপস্থিত ছিলেন।

***************************

**BJP Campaing :**

জোলাইবাড়িতে আজ বিজেপির উদ্যোগে মিছিল ও সভা হয়। দলীয় প্রার্থী কৃতি দেবী দেববর্মণের সমর্থনে আয়োজিত মিছিল ও সভায় উপস্থিত ছিলেন বিজেপির প্রদেশ সহ-সভানেত্রী পাপিয়া দত্ত, সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া প্রমুখ।

*************************

**Sudip Barman :**

বিধায়ক সুদীপ রায় বর্মন আজ আগরতলায় এক সাংবাদিক সম্মেলনে অভিযোগ করেন, পূর্ব ত্রিপুরা লোকসভা আসনে বিজেপি প্রার্থীর পদবী নিয়ে সংশয় তৈরি হয়েছে। আজ নয়াদিল্লিতে এ আই সি সি'র এক প্রতিনিধি দল এ বিষয়ে নির্বাচন কমিশনের দৃষ্টি আকর্ষণ করেছেন বলে তিনি জানান।

***************************

**I.N.D.I.A Bloc-UNAKOTI :**

ইন্ডিয়া জোটের উদ্যোগে আজ সকালে কৈলাশহরের হীরাছড়া A.D.C ভিলেজে এক নির্বাচনী সভা অনুষ্ঠিত হয়। মুখ্য বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, C.P.I.M কৈলাশহর মহকুমা সম্পাদক বিশ্বরূপ গোস্বামী। বক্তারা কেন্দ্র ও রাজ্য সরকারের নীতি ও কাজকর্মের সমালোচনা করেন।

*************************

**BJP-Sepahijala :**

মেলাঘরস্থিত বি.জে.পির সিপাহীজলা জেলা দক্ষিণ অংশ কমিটির কার্যালয়ে আজ এক সাংবাদিক সম্মেলনে বিজেপির জেলা সভাপতি দেবব্রত ভট্টাচার্য্য লোকসভা নির্বাচনে কংগ্রেসের ইস্তেহার ও ইন্ডি জোটের সমালোচনা করেন। সাংবাদিক সম্মেলনে বি.জে.পির সিপাহীজলা দক্ষিণ অংশ কমিটির সহ সভাপতি উত্তম দাস উপস্থিত ছিলেন। অন্যদিকে বিজেপি সিপাহীজলা জেলা উত্তরাংশ কমিটির উদ্যোগে আয়োজিত সাংবাদিক সম্মেলনে উত্তরাংশ কমিটির সভাপতি গৌরাঙ্গ ভৌমিক, সাধারণ সম্পাদক রাজেশ সাহা, রাজেশ দেববর্মা জেলা উত্তরের লিটন সাহা প্রমুখ উপস্থিত ছিলেন।

***************************

**Deputation :**

রাজ্যের বিদ্যালয়গুলিতে শিক্ষক-স্বল্পতা দূরীকরণ সহ পাঁচ দফা দাবিতে উচ্চশিক্ষা অধিকর্তার কাছে আজ ডেপুটেশন প্রদান করে এন এস ইউ আই রাজ্য কমিটি। সংগঠনের রাজ্য কমিটির সভাপতি স্বরূপ কুমার শীলের নেতৃত্বে এক প্রতিনিধি দল আজ উচ্চশিক্ষা অধিকর্তার কাছে পাঁচ দফা দাবি সম্বলিত স্মারকলিপি

তুলে দেয়। পরে সংবাদমাধ্যমের কাছে সংগঠনের সভাপতি জানান, অবিলম্বে স্কুল গুলিতে শিক্ষক নিয়োগ করা এবং বিভিন্ন কারিকুলাম সম্পর্কে শিক্ষকদের প্রশিক্ষণের এর ব্যবস্থা করা সহ পাঁচ দফা দাবি জানানো হয়েছে।

***************************

**Workshop-Bhagat Singh :**

ভগৎ সিং যুব আবাসে আজ ইনস্টিটিউট অফ নার্সিং সায়েন্স কলেজের উদ্যোগে একটি জাতীয় স্তরের কর্মশালা অনুষ্ঠিত হয়। কর্মশালার বিষয় ছিল স্বাস্থ্য পরিষেবার কৃত্রিম বুদ্ধিমত্তা। উপস্থিত ছিলেন আগরতলা সরকারি মেডিকেল কলেজের সহকারী অধ্যাপক ডাঃ সুজিত চক্রবর্তী, আলিয়া ইউনিভার্সিটির অধ্যক্ষা উষা মল্লিক।

****************************

**Heatwave :**

রাজ্যে তাপপ্রবাহ অব্যাহত রয়েছে। এদিকে, ইতিমধ্যেই পরিস্থিতির দিকে লক্ষ্য রেখে রাজ্য সরকারের পক্ষ থেকে রাজ্যে স্টেট স্পেসিফিক ডিজাস্টার ঘোষণা করা হয়েছে। উদ্‌ভূত পরিস্থিতিতে জনগণকে রৌদ্রতাপ এড়িয়ে থাকা, বেশি জল খাওয়া, হালকা সুতি বস্ত্র পরিধান করা, ঘরের বাইরে বেরোলে ছাতা/টুপি ব্যবহার করা ইত্যাদি পরামর্শ দেওয়া হয়েছে।

তাপ প্রবাহের কারণে বিদ্যালয় শিক্ষা দপ্তর আজ থেকে আগামী ২৭ শে এপ্রিল পর্যন্ত রাজ্যের সব স্কুলে ছুটি ঘোষণা করেছে।

এদিকে, আগামীকাল থেকে ২৭শে এপ্রিল পর্যন্ত আইসিডিএস প্রকল্পে সমস্ত অঙ্গনওয়াড়ি কেন্দ্রগুলিও বনধ থাকবে। আজ সমাজ কল্যান ও সমাজ শিক্ষা দপ্তরের অধিকর্তা আজ এক বিজ্ঞপ্তিতে জানিয়েছেন, রাজস্ব দপ্তরের পরামর্শ অনুযায়ী এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

*****************************

**Women's Cricket :**

টিসিএ পরিচালিত মহিলাদের ঘরোয়া একদিনের সীমিত ওভারের ক্রিকেট প্রতিযোগিতায় এগিয়ে চলো সংঘ চ্যাম্পিয়ন হয়েছে। আজ এম বি বি স্টেডিয়ামে অনুষ্ঠিত আসরের ফাইনাল খেলায় এগিয়ে চলো সংঘ রুদ্ধশ্বাস লড়াইয়ে এক রানে এডি নগর কোচিং সেন্টারকে পরাজিত করে। প্রথমে ব্যাট করতে নেমে এগিয়ে চলো সংঘ ৪৭ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১২৫ রান করে। দলের পক্ষে প্রিয়া সূত্রধর ৩৪ রান করে। এডি নগর কোচিং সেন্টারের অন্নপূর্ণা দাস ২০ রানে ৫টি উইকেট পায়। জবাবে এডি নগর কোচিং সেন্টার ৪৯ ওভারে সবকটি উইকেট হারিয়ে ১২৪ রান করে। দলের পক্ষে অনন্যা দেবনাথ ৪৩ ও মৌটুসী দে ৩৪ রান করে। দলের চারজন রান আউটের শিকার হয়।

****************************

**State wise 15 Cricket :**

টিসিএ পরিচালিত অনূর্ধ্ব ১৫ বছরের রাজ্যভিত্তিক ক্রিকেট প্রতিযোগিতার দুদিনের ফাইন্যাল খেলা আজ থেকে শুরু হয়েছে। নরসিংগড়ের পিটিএ মাঠে অনুষ্ঠিত খেলায় প্রথমে ব্যাট করতে নেমে সদর-বি প্রথম ইনিংসে সবকটি উইকেট হারিয়ে ১৩৭ রান

করে। দলের পক্ষে অধি দেবনাথ অপরাজিত ৫০ রান করে। জবাবে বিশালগড় প্রথম ইনিংসে প্রথম দিনের শেষে ৩ উইকেট হারিয়ে ৩০ রান করে।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ আংশিক মেঘাছন্ন থাকবে। দুয়েক জায়গায় বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ আটত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ ডিগ্রী সেলসিয়াস এর কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল আটত্রিশ ডিগ্রী এবং সর্বনিম্ন সাতাশ দশমিক চার ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের উত্তর, উনকোটি এবং ধলাই জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘন্টায় ত্রিশ থেকে চল্লিশ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর। বাকি জেলাগুলিতে বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করা হয়েছে। রাজ্যে উষ্ণতাপ এবং বাতাসে আর্দ্রতার পরিমাণ বৃদ্ধি অব্যাহত রয়েছে বলে ও সতর্কতা জারি করা হয়েছে।

****************************